

নির্বাসন তোমার হাতে

নির্বাসন ! কোথা থেকে, কেনই বা
 জীবনের দিকে হাঁটতে হবে নিশ্চয়ই
 ভারতে কিম্বা বহির্ভারতে
 জীবন আছে তোমার হাতে
 আত্ম-নির্বাসনেও বাতাস ঘরে ঢুকে
 চুল করবে এলোমেলো
 রঙিন প্রজাপতি তোমার নাকের ডগা ছুঁয়ে
 কুশল জানতে চাইবে
 আকাশ পাগল করা রোদ্দুর
 তোমাকে মিছিলে টেনে হিঁচড়ে নামাবে
 গান-গল্প-হাসি শিশুর কলতান
 ভোরের কাকলি তোমার হাত ধরে ঘুরতে থাকবে
 কবিতা সুগন্ধ ছড়াবে, রাত্রি ঘন হবে
 বয়ঃসন্ধির মতো, ফিস্‌ফিস্‌ করে বলবে) নির্বাসনে যাবে!

শুভ্রা শীল

